

আলহাজ্ব টেক্সটাইল মিলস লিমিটেড
৬৬, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

মূল্য সংবেদনশীল সংবাদ
“কারখানা বন্ধ ঘোষণা ও শ্রমিক/কর্মচারীদের ছাঁটাই’এর নোটিশ”

সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মিলের উৎপাদিত সুতা বিক্রি না হওয়ার কারণে উৎপাদিত মওজুদ সুতা গোড়াউনেও রাখার জায়গা সংকুলান না হওয়ায় ২৪-০৬-২০১৯ইং তারিখে ঘোষিত সর্ব প্রথম ২৫-০৬-২০১৯ইং তারিখ হইতে ২৪-০৭-২০১৯ইং তারিখ পর্যন্ত ৩০ দিনের জন্য মিল লে-অফ করা হয়। পরিস্থিতির উন্নতি না হওয়ায় পর্যায়ক্রমে ২৫-০৭-২০১৯ইং তারিখ হইতে ০৮-০৮-২০১৯ ইং তারিখ পর্যন্ত ১৫দিনের জন্য, ০৯-০৮-২০১৯ ইং তারিখ হইতে ২৩-০৮-২০১৯ইং তারিখ পর্যন্ত ১৫দিনের জন্য, ২৪-০৮-২০১৯ইং তারিখ হইতে ০৭-০৯-২০১৯ইং তারিখ পর্যন্ত ১৫ দিনের জন্য, ০৮-০৯-২০১৯ ইং তারিখ হইতে ২২-০৯-২০১৯ইং তারিখ পর্যন্ত ১৫দিনের জন্য এবং ২৩-০৯-২০১৯ইং তারিখ হইতে ০৭-১০-২০১৯ইং তারিখ পর্যন্ত ১৫দিনের জন্য সর্বমোট ১১৫(একশত পনর)দিন মিল লে-অফ করার পরও বিক্রয় পরিস্থিতির উন্নতি বা অগ্রগতি না হওয়ায় ০৮-১০-২০১৯ইং তারিখ হইতে কারখানা বন্ধ ঘোষণা করা হইল এবং লে-অফের আওতাভুক্ত সকল শ্রমিক/কর্মচারীদেরকে ০৮-১০-২০১৯ইং তারিখ হইতে বাংলাদেশ শ্রম আইনের ১৬ (৭) ধারার অনুবলে উক্ত আইনের ২০(২) (ক) ধারা মতে চাকুরী হইতে ছাঁটাই করা হইল। বিক্রয় পরিস্থিতির উন্নতি সাপেক্ষে মিল খোলা হইবে এবং ছাঁটাইকৃত শ্রমিক/কর্মচারীগনকে অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হইবে।

তারিখঃ ০৭/১০/২০১৯ ইং



পরিচালক মন্ডলীর আদেশক্রমে


কোম্পানীর সভাপতি

Board of Directors
Alhaj Textile Mills Ltd.